এইচ ডি এফ সি ব্যাঙ্ক
আমরা বুঝি আপনার জগৎ

বিতরণের তারিখ: ________________ LC কোড : ______________ LG কোড : ______________

# একক ভাড়াটিয়ার জন্য লকার ভাড়ার চুক্তি

| শাখার নাম | | শাখার কোড | | লকারের সিরিজ এবং নম্বর | | চাবি নং.: | গ্রাহকের ছবি |
|---|---|---|---|---|---|---|---|
| লকারের মাপ | | শাখা শহরের শ্রেণী | | পরিচালন পন্থা : | | | |
| ভাড়া আদায়ের জন্য অ্যাকাউন্ট | | গ্রাহক ID | | পরিত্যাগের % : | পরিচালিত গ্রাহক | ☐ প্রথম লকার ☐ পরবর্তি লকার | |
| রেকের হার | | আদায়করণীয় ভাড়া | | পরিত্যাগের কারণ : | | | |

এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড, ______________________ (শাখার নাম) (এতদ পরবর্তীতে ''ব্যাঙ্ক'' হিসাবে উল্লেখিত) নিম্নলিখিতের প্রতি ভাড়ায় প্রদানে সম্মত হয়,

______________________________________________

(ভাড়াটিয়ার নাম এবং ঠিকানা)

______________________________________________ (এতদ পরবর্তীতে ''ভাড়াটিয়া'' হিসাবে উল্লেখিত), এবং ভাড়াটিয়া/গণ, সময়ে সময়ে ব্যাঙ্কের সেই সম্পর্কিত বিধিসমূহ এই নথির অপর পৃষ্ঠায় উল্লেখিত নিয়ম এবং শর্তাবলীর বিষয়বস্তুস্বরূপ, প্রতি বছরে ____________ টাকা ভাড়ায় (অগ্রিম ভিত্তিতে প্রদেয়), ব্যাঙ্কের **লকার নং.** ____________ (''**লকার**'') ভাড়ায়, যদি না এখানে উল্লেখিত নিয়ম এবং শর্তাবলী অনুসারে নির্ধারিত হয়ে থাকে, গ্রহণে সম্মত হন। ভাড়াটিয়া, উপরে উল্লেখিত অ্যাকাউন্টটিকে প্রত্যক বছর অগ্রিমভাবে লকার ভাড়া বাবদ ডেবিট করার জন্য ব্যাঙ্ককে অনুমোদিত করেন। তদপরবর্তীতে ভাড়াটিয়া, ব্যাঙ্কের ইচ্ছানুসারে, সেই প্রকার সময়কালের জন্য এবং সেই প্রকার নিয়ম এবং শর্তাবলীর অধীনে এবং সেই প্রকার হারে অগ্রিম ভাড়া প্রদানের দ্বারা, যে প্রকার ব্যাঙ্কের দ্বারা সময়ে সময়ে নির্ধারিত হতে পারে, প্রচলিত রাখতে পারেন।

**মনোনয়ন :** ☐ হ্যাঁ (যদি হ্যাঁ হয়, তাহলে অনুগ্রহ করে নীচে মনোনীতের বিবরণগুলি পূরণ করুন) / ***যদি প্রযোজ্য না হয়, তাহলে কেটে দিন***

**একক ভাড়াটিয়ার জন্য মনোনয়নের ফর্ম্যাট (ফর্ম SL1)** [অনুচ্ছেদ 1.5.2 (i) (a) দেখুন]

একক ভাড়াটিয়ার দ্বারা, লকারের সম্পর্কে, ব্যাঙ্কিং রেগুলেশান অ্যাক্ট, 1949-এর ধারা 45ZE, এবং ব্যাঙ্কিং কোম্পানিজ (নমিনেশান) রুলস, 1985-এর বিধি 4(1)-এর অধীনে মনোনয়ন

আমি ______________________________________________

(নাম এবং ঠিকানা)

আমার / নাবালকের মৃত্যুর ক্ষেত্রে নীচে উল্লেখিত ব্যক্তিকে, ______________________________

______________________________________________

(শাখা / কার্যালয়ের নাম এবং ঠিকানা যেটিতে লকারটি অবস্থিত)

লকারের প্রতি প্রবেশাধিকার এবং লকারে থাকা বস্তুগুলি অপসারিত করার জন্যে মনোনীত করি, ব্যক্তির বিবরণ নীচে প্রদান করা হয়েছে।

| মনোনীতের বিবরণ | | | |
|---|---|---|---|
| নাম, ঠিকানা এবং যোগাযোগের নং. | ভাড়াটিয়ার সঙ্গে সম্পর্ক, যদি থাকে | বয়স | মনোনীতের জন্ম তারিখ (যদি নাবালক হয়) |
| | | | |
| | | | |

অভিভাবকের বিবরণ (যদি মনোনীত একজন নাবালক হয়)

______________________________________________

(নাম এবং ঠিকানা)

**সাক্ষীর (দের) নাম (গুলি), ঠিকানা (গুলি), এবং স্বাক্ষর (গুলি)**[@]:

**@শুধুমাত্র বৃদ্ধাঙ্গুষ্ঠের ছাপ / মাতৃভাষায় ঘোষণার ক্ষেত্রে**

**মনোনয়ন :** ☐ **না, আমি ঘোষণা করি যে আমি কোন মনোনয়ন করতে ইচ্ছুক নই।**

আমি, অপর পৃষ্ঠায় মুদ্রিত নিয়ম এবং শর্তাবলী এবং বিধিগুলি পাঠ করেছি এবং অনুধাবন করেছি এবং সেগুলি অনুসরণ করতে এবং সেগুলির দ্বারা বাধ্য থাকতে সম্মত হই। ব্যাঙ্কের দ্বারা এতদমধ্যে, ভাড়াটিয়ার নিকট একটি সিল করা অবস্থায় লকার ____________ এর জন্য চাবি ____________ হস্তান্তরিত করা হয়েছে, ভাড়াটিয়ার দ্বারা যেটির প্রাপ্তি স্বীকৃত হয়েছে।

পরের পৃষ্ঠায় মুদ্রিত, এই চুক্তিটির বিষয়বস্তু এবং নিয়ম এবং শর্তাবলী এবং বিধিগুলি ভাড়াটিয়ার দ্বারা পঠিত এবং অনুধাবনকৃত হয়েছে এবং পরের পৃষ্ঠায় উল্লেখিত এই চুক্তিটির প্রত্যেক ধারার সম্মত হয়েছে এবং সেগুলির অনুপালন এবং সেগুলির দ্বারা বাধ্য থাকতে সম্মত হয়েছেন। ভাড়াটিয়ার(দের) নিকটও চুক্তিটির এবং পরের পৃষ্ঠায় বিবৃত নিয়ম এবং শর্তাবলীর একটি প্রতিলিপি রয়েছে।

______________________________ ______________________________

**লকারের জন্য আবেদনকারীর নাম এবং স্বাক্ষর** **এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর পক্ষে (অনুমোদিত স্বাক্ষরকারী)**

তারিখ : ________________ স্থান : ________________

**মনে রাখবেন : অনুগ্রহ করে, ফর্মটিতে স্বাক্ষর করার পূর্বে, আপনার সন্তুষ্টির জন্য সকল প্রাসঙ্গিক বিভাগগুলি সম্পূর্ণরূপে পূরণ করা নিশ্চিত করুন**

# নিয়ম এবং শর্তাবলী

1. সেফ ডিপোজিট ভল্টটি, রবিবার এবং ব্যাঙ্কের ছুটির দিন ব্যতীত, প্রত্যেক দিন কাজের সময়ে খোলা থাকবে। লকারটির প্রতি, উল্লেখিত দিনগুলিতে এবং নির্ধারিত সময়কালের মধ্যে, ভাড়াটিয়ার প্রবেশাধিকার থাকবে।
2. ব্যাঙ্ক, লকারটির প্রতি প্রবেশাধিকারের উপরে উল্লেখিত সময়গুলিতে পরিবর্তন করার ক্ষেত্রে স্বাধীন থাকবে এবং সেই প্রকার শর্তাবলী সংযুক্ত করতে পারে, যে প্রকার তারা উপযুক্ত বিবেচনা করতে পারে, এবং ভাড়াটিয়াকে সেই সম্পর্কে বিজ্ঞপ্তি প্রদান করবে এবং ভাড়াটিয়া সেটির দ্বারা বাধ্য থাকবেন।
3. ভাড়াটিয়া, লকারের প্রতি প্রবেশাধিকারের এবং ভাড়াটিয়া অথবা তাঁর প্রতিনিধির, (যদি নিয়োগ করা হয়) পরিচিতির, যেটি সময়ে সময়ে, ব্যাঙ্কের দ্বারা সুপারিশকৃত হবে, সম্পর্কে সকল নিয়ম এবং বিধিগুলি অনুসরণ করবেন
4. যদি ভাড়াটিয়া, লকারটি পরিচালনের উদ্দেশ্যে কোন অনুমোদিত প্রতিনিধি নিয়োগ করতে ইচ্ছুক হন, তাহলে ভাড়াটিয়াকে, এই প্রকার একজন প্রতিনিধির পক্ষে একটি ওকালত নামা এবং অথবা অন্যান্য নথিপত্রাদি, সেই উদ্দেশ্যে ব্যাঙ্কের দ্বারা যে প্রকার প্রয়োজন হতে পারে, নিষ্পাদিত করতে হবে এবং প্রতিনিধিটিকে সেটির সম্পর্কে, সময়ে সময়ে সুপারিশকৃত নিয়ম, বিধি এবং শর্তাবলী অনুপালন করতে হবে। তবে, কোন সময়েই এই প্রকার প্রতিনিধিকে লকারটির প্রতি প্রবেশাধিকার অনুমোদন প্রদার করার দ্বারা না ব্যাঙ্ককে দায়ী করা যাবে না না ব্যাঙ্ক কোন দায়ভার বহন করবে এবং ভাড়াটিয়া ব্যাঙ্ককে এই প্রকার প্রতিনিধির লকারটির পরিচালন সম্পর্কিত কার্যকলাপের জন্য যেকোনো অথবা সকল দাবিগুলির থেকে এবং বিরুদ্ধে ক্ষতিপূরণ প্রদান করবে এবং ব্যাঙ্ককে ক্ষতিপূরিত এবং হানিবিহীন রাখবে। ব্যাঙ্ক, তাদের ইচ্ছা অনুসারে, এই প্রকার প্রতিনিধিক লকারের প্রতি প্রবেশাধিকার প্রদান অস্বীকারও করতে পারে।
6. ভাড়াটিয়ার মৃত্যুর ক্ষেত্রে, আইনানুগ উত্তরাধিকারী / মনোনীত ব্যাক্তি লকারটি, সেই প্রকার নিয়ম এবং শর্তাবলীর অধীনে পরিচালনা করতে অধিকারী হবেন যেগুলি ব্যাঙ্ক নির্ধারণ করবে অথবা সেটিতে থাকা বস্তুগুলি অপসারণ করার এবং সেটির চাবিটি ব্যাঙ্কের নিকট ফেরত দেওয়ার দ্বারা লকারটি ব্যাঙ্কের নিকট প্রত্যর্পণ করবেন। ব্যাঙ্ক, মনোনীত ব্যক্তি / আইনানুগ উত্তরাধিকারী ব্যতীত কোন ব্যক্তির থেকে উদ্রেক হওয়া দাবিগুলির ক্ষেত্রে দায়ী হবে না। ব্যাঙ্কের মনোনয় সংক্রান্ত নিয়মের অধীনে ভাড়াটিয়া / মনোনীত অন্য যেকোনো ব্যক্তির দ্বারা লকারের বস্তুগুলি গ্রহণের ক্ষেত্রে, বস্তুগুলি মনোনয়ন সংক্রান্ত নির্দেশবলী অনুসারে প্রদান করা হবে।
7. ভাড়াটিয়া, যখনই প্রয়োজন হবে, লকারটির স্থিতি এবং অবস্থা পরীক্ষা এবং সেটিতে মেরামতি (গুলি) ভিত্তিক ব্যবস্থাপনার করার এবং এতদমধ্যে উল্লেখিত নিয়ম এবং শর্তাবলী অনুসারে লকারটির ব্যবহার নির্ধারণ করারও উদ্দেশ্যে সেটির প্রতি নাগালপ্রাপ্ততার জন্য ব্যাঙ্ককে অনুমতি দেবেন। কিন্তু, ব্যাঙ্ক সেটিতে থাকা উপাদানগুলির বিষয়ে অবহিত থাকার বিষয়ে প্রত্যাশিত অথবা দায়ী হবে না।
8. সম্মত হওয়া সকল ভাড়াগুলি, পরবর্তী সময়কালটির জন্য পূর্ববর্তী সময়কালটির শেষ দিনে অথবা তার পূর্বে দৃঢ়ভাবে অগ্রিম ভিত্তিতে পরিশোধনীয়, এবং ব্যাঙ্ক লকারটির প্রতি প্রবেশাধিকার অস্বীকার করার অধিকারটি নিজেদের নিকট সংরক্ষিত রাখে। যেকোনো ভাড়া, দাবিকৃত হোক অথবা না হোক, অথবা যেকোনো বর্ধিত ভাড়া পরিশোধ না হওয়ার ক্ষেত্রে ব্যাঙ্ক, ভাড়াটিয়ার নিকট কোন প্রকার উল্লেখ ব্যতীতই এই প্রকার ভাড়া ভাড়াটিয়ার ব্যাঙ্কের সঙ্গে থাকা অ্যাকাউন্টে ডেবিট করতে পারে (তবে সেই প্রকার করার জন্য বাধ্য থাকবে না), যাঁরা এতদ্বারা ব্যাঙ্ককে যখনই ভাড়াগুলি বকেয়া এবং ব্যাঙ্কের নিকট প্রদেয় হয় তাঁর / তাঁদের উপরোক্ত অ্যাকাউন্টে ডেবিট করার জন্য ব্যাঙ্ককে অনুমোদিত করেন। বকেয়া ভাড়াটি ব্যাঙ্কের নিকট পরিশোধ না হওয়া পর্যন্ত বাৎসরিক 14% সুদসহ একবারে সম্পূর্ণরূপে পরিশোধনীয় হবে।
9. সময়ে সময়ে প্রযোজ্যতা অনুসারে, লকারের ভাড়াটি কর দায়যুক্ত হবে।
10. ব্যাঙ্ক সর্বদাই, তাদের ঐকান্তিক ইচ্ছানুসারে ভাড়াটি পরিবর্তীত / বর্ধিত করতে পারে, এবং ভাড়াটি সেটি ব্যাঙ্কের দ্বারা সিদ্ধান্তকৃত অনুসারে, সেই প্রকার তারিখ থেকে পরিশোধ করার জন্য দায়বদ্ধ থাকবেন।
11. ভাড়াটিয়ার দ্বারা ভাড়া নেওয়া লকারটির গ্রাহকের চাবিটি ভাড়াটির নিকট প্রদান করা হবে সেটি সর্বদাই ব্যাঙ্কের সম্পত্তি থাকবে। মূল চাবিটি সর্বদাই ব্যাঙ্কের নিকট থাকবে। এটি ভাড়াটিয়ার দ্বারা অনুধাবনকৃত হয় যে লকারটিকে উভয় চাবি ব্যবহারের দ্বারাই খোলা যেতে পারে এবং এককভাবে যেকোনো একটি চাবির দ্বারা নয়। এবং লকারটি বন্ধ করার জন্য মূল চাবিটির প্রয়োজন হয় না। ভাড়াটিয়া লকারটি শুধুমাত্র গ্রাহকের চাবিটির দ্বারাই পরিচালনা করার জন্য অনুমোদিত হন এবং ব্যাঙ্কের দ্বারা প্রদত্ত গ্রাহকের চাবিটি ব্যতীত অন্য কোনো চাবির দ্বারা লকারটির পরিচালন অনুমোদিত হবে না।
12. যদি গ্রাহকের চাবিটি ভাড়াটিয়া দ্বারা হারিয়ে যায়, তাঁদের চাবি হারানোর বিষয়টি কোন প্রকার বিলম্ব না করেই, লিখিতভাবে ব্যাঙ্ককে জানাতে হবে এবং ভাড়াটিয়া দ্বারা, ব্যাঙ্কের নিকট FIR / পুলিশে অভিযোগ দায়ের করার প্রাপ্তি-স্বীকৃতসহ একটি ক্ষতিপূরণমূলক প্রতিশ্রুতির বিরুদ্ধে, লিখিত অনুরোধের ভিত্তিতে ভাড়াটিয়ার নিকট একটি নতুন চাবি প্রদান করা হতে পারে। ভেঙে খোলার প্রক্রিয়ার সময়ে সকল ভাড়াটিয়াকে লকারের শাখায় উপস্থিত থাকতে হবে। লকারটির খোলা / ভেঙে খোলা, হারিয়ে যাওয়া চাবির পুনর্সংস্থান করা, এবং লক পরিবর্তন সংক্রান্ত সকল ব্যয়সমূহ ভাড়াটিয়া দ্বারা বহনযোগ্য হবে। লকার, তালা অথবা চাবিটির ক্ষেত্রে প্রয়োজনীয় সকল মেরামতিগুলি করা হবে ঐকান্তিকভাবে ব্যাঙ্কের দ্বারা নিযুক্ত মিস্ত্রীদের দ্বারাই।
13. ভাড়াটিয়াকে, তাঁর গ্রাহকের চাবিটি একটি নিরাপদ স্থানে রাখার এবং তাঁর লকারের নম্বরটি এবং / অথবা তাঁদের পাসওয়ার্ডটি (যদি কিছু থাকে) অন্য কোনো ব্যক্তির নিকট প্রকাশ না করার এবং তাঁর গ্রাহকের চাবিটি তাঁর দ্বারা যথাযথভাবে অনুমোদিত প্রতিনিধি (যদি নিযুক্ত হন) ব্যতীত অন্য কোনো ব্যক্তির নিকট না দেওয়ার জন্যও সতর্ক করা হয়। ভাড়াটিয়া গ্রাহকের চাবিটির প্রাপ্তি স্বীকৃতি প্রদান করবেন এবং এই চুক্তিটির সমাপ্তিতে সেটি প্রত্যর্পণ করবেন।
14. লকারটি প্রত্যর্পণের সময়ে সকল ভাড়াটিয়াকে বাধ্যতামূলকভাবে লকারের শাখায় উপস্থিত থাকতে হবে।
15. ভাড়াটিয়ার লকারটির ক্ষেত্রে কোনোর প্রকার সম্পত্তিভিত্তিক অধিকার থাকবে না, তবে এই চুক্তিটি প্রচলিত থাকাকালীন এবং এতদমধ্যে নির্ধারিত নিয়ম এবং শর্তাবলী অনুসারে শুধুমাত্র সেটির ব্যবহারকারীভিত্তিক এবং সেটির প্রতি প্রবেশাধিকারভিত্তিক একটি ঐকান্তিক অধিকার থাকবে। ভাড়াটিয়া, লকারটিকে অথবা সেটির কোনো অংশকে অর্পণ, না হস্তান্তরিত অথবা উপ-ভাড়ায় প্রদান করবেন, না নথিপত্রাদি, গহনা অথবা অন্যান্য মূল্যবান বস্তুগুলি জমা রাখা ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহারের অনুমতি প্রদান করবেন এবং সেটি যেকোনো প্রকার বিস্ফোরণ অথবা ধ্বংসাত্মক বৈশিষ্ট্যযুক্ত অথবা আপত্তিকর প্রকৃতির অথবা একটি প্রকারের কোন বস্তু জমা রাখার জন্য ব্যবহার করবেন না যেটি ব্যাঙ্কের মতে বিরক্তি উদ্রেককারী হয় / হতে পারে। ভাড়াটিয়া, ভাড়াটিয়া দ্বারা, লকারটির এই সংস্থানটির লঙ্ঘনমূলক ব্যবহারের কারণে ব্যাঙ্কের বিরুদ্ধে কৃত, ব্যাঙ্কের দ্বারা ধারণ অথবা বহনকৃত যেকোনো চাহিদা, দাবি, ক্ষতি, হানি, মূল্য এবং ব্যয়গুলির বিরুদ্ধে ব্যাঙ্ককে ক্ষতিপূরিত রাখবেন। ভাড়াটিয়া, উপরের শর্তাবলীর পূরণ নির্ধারণের উদ্দেশ্যে যখনই ব্যাঙ্কের দ্বারা প্রয়োজন হবে, লকারটিতে থাকা বস্তুগুলির পরিদর্শন করার জন্য তাদের অনুমোদিত করবেন।
16. অন্য যেকোনো উপশমগুলিকে, যেগুলি ভাড়াটিয়ার, ভাড়াটিয়ার লকারটির ব্যবহার সংক্রান্ত সকল অধিকারগুলির বিরুদ্ধে ব্যাঙ্কের নিকট বিদ্যমান হতে পারে, পূর্বসংস্কারযুক্ত না করেই, ব্যাঙ্কের একক মতামতের ভিত্তিতে, ভাড়াটিয়ারে ভাড়াগুলির দাবিকৃত হোক অথবা না হোক, এবং অন্যান্য বকেয়া এবং পরিশোধনীয় ব্যয়গুলি অপরিশোধের, অথবা এতদমধ্যে বিদ্যমান যেকোন শর্তাবলীর লঙ্ঘনের কারণে বাজেয়াপ্ত হতে পারে এবং ব্যাঙ্ক, ভাড়াটিয়ার সর্বশেষ জ্ঞাত ঠিকানায় নিবন্ধীকৃত ডাক ব্যবস্থার মাধ্যমে 30 দিনের প্রত্যর্পণের বিজ্ঞপ্তির পরে লকারটি ভেঙে খোলার এবং জনসাধারণের মধ্যে নিলাম অথবা ব্যক্তিগত চুক্তির মাধ্যমে সেটিতে থাকা সকল অথবা যেকোনো বিদ্যমান বস্তু বিক্রয় এবং বিক্রয়লব্ধ অর্থ থেকে উপরেরটির সম্পর্কিত বকেয়া ভাড়া এবং /অথবা অন্য যেকোন পারিশ্রমিক, ব্যায়ের ক্ষেত্রে তাদের প্রাপ্যগুলি পুনরুদ্ধারের জন্য স্বাধীন থাকবে এবং তদপরবর্তীতে যদি কোনো রাশি অতিরিক্ত থাকে, অথবা কোন বস্তু অবশিষ্ট থাকে, তাহলে ব্যাঙ্ক সেটি ভাড়াটিয়ার সর্বশেষ নিবন্ধীকৃত ঠিকানায় সেই প্রকার উপাদানগুলি পার্সেল অথবা অন্য যেকোনো দায়িত্বপূর্ণ পন্থার মাধ্যমে অথবা, তাঁর / তাঁদের ঝুঁকি এবং দায়িত্বে পে-অর্ডার অথবা ডিমান্ডের মাধ্যমে অতিরিক্তটি পাঠাতে পারে অথবা সেগুলি সেই প্রকার অন্য কোনো লকার অথবা স্থানে সেই প্রকার পরিশোধনীয় ভাড়ায় অথবা কোনো প্রকার সুদ অপ্রদেয় একটি অ্যাকাউন্টে রাখতে পারে, যে প্রকার ব্যাঙ্ক উপযুক্ত মনে করতে পারে। লকারটির, এক বছরের অধিক কাল যাবত অপরিচালিত থাকার ক্ষেত্রে, ভাড়াটি নিয়মিতভাবে পরিশোধ করা হলেও, ব্যাঙ্ক তাদের ঐকান্তিক বিবেচনার ভিত্তিতে লকারটির বিতরণ বাতিল করতে এবং লকারটি খুলতে পারে।
17. উভয় পক্ষই, অপর পক্ষকে, ভাড়া নেওয়ার সময়কালটি সম্পূর্ণ হওয়ার তারিখের থেকে তিরিশ দিন পূর্বে এই চুক্তিটি সমাপ্ত করার ইচ্ছা প্রকাশ করে অগ্রিম লিখিত বিজ্ঞপ্তি প্রদানের মাধ্যমে এই চুক্তিটি সমাপ্ত করতে পারেন এবং ভাড়াটিয়া বিজ্ঞপ্তির মেয়াদপূর্তির তারিখে অথবা তার পূর্বে ব্যাঙ্কের নিকট গ্রাহকের চাবিটি প্রত্যর্পণ করবেন। চুক্তিটি সমাপ্ত হওয়ার ক্ষেত্রে, ভাড়াটিয়ার দ্বারা ইতিমধ্যেই প্রদত্ত অগ্রিম ভাড়াগুলি ব্যাঙ্কের দ্বারা ফেরত করা হবে না।
18. যদি, উপরে উল্লেখিত মতো কোনো বিজ্ঞপ্তি প্রদান করা না হয়ে থাকে, এবং ভাড়াটিয়ার দ্বারা গ্রাহকের চাবিটি প্রত্যর্পণ না করে হয়ে থাকে, তাহলে লকারের ভাড়ার ব্যবস্থাটি ব্যাঙ্কের মতানুসারে ভাড়া নেওয়ার সম্মত সময়কালের মেয়াদপূর্তির তারিখের পরে নবিকৃত হবে, তবে এই শর্তটি ব্যাঙ্কের ইতিমধ্যে প্রাপ্য হওয়া অধিকারগুলিকে পূর্বসংস্কারবিহীন।
19. গুরুত্বপূর্ণ অথবা জরুরি প্রয়োজনীয়তার কারণে, ভাড়াটিয়ার প্রতি কোনো প্রকার প্রাক-অবহিতকরণ ব্যতীতই ব্যাঙ্ক ভল্টটিকে সেই সময়কালের জন্য, যেটিকে তারা প্রয়োজনীয় হিসাবে বিবেচনা করে বন্ধ করার এবং লকারটির প্রতি প্রবেশাধিকার অস্বীকার করার এবং অথবা ভাড়াটিয়াকে লকারটির থেকে তাঁদের বস্তুগুলি অবিলম্বে ফিরিয়ে নেওয়ার জন্য অনুরোধ করার অধিকারটি সংরক্ষিত রাখে এবং ভাড়াটিয়া (রা) সকল প্রকার ফলাফলের জন্য দায়ী থাকবেন যেটি এই সংস্থানটির অননুপালনের কারণে উদ্রেক হতে পারে।
20. ব্যাঙ্ক, লকারটির ব্যবহারের সময়ে ভল্টের কপাট অথবা তালাগুলির ব্যর্থতার কারণজনিত যেকোনো প্রকার বিলম্বের থেকে উদ্রেক হওয়া অথবা ফলাফলস্বরূপ যেকোনো প্রকার হানি অথবা ক্ষতির জন্য দায়ীও হবে না।
21. আইনভিত্তিক আদালতের নির্দেশগুলি অথবা যেকোনো আইন ব্যবস্থার দ্বারা তাদের উপর ন্যাস্ত ক্ষমতাগুলির অনুশীলনের ক্ষেত্রে লকারটিকে ভেঙে খোলা / হিসাব নেওয়া এবং / অথবা লকারটির এবং তদমধ্যস্থ উপাদানগুলি যেকোনো ব্যক্তির(দের) নিকট দখল প্রদান করা ব্যাঙ্কের ঐকান্তিক ইচ্ছাটি বিদ্যমান থাকবে এবং এই প্রকার একটি ঘটনার ক্ষেত্রে ব্যাঙ্ক লকারটিতে বিদ্যমান উপাদানগুলির যেকোন প্রকার ক্ষতি অথবা হানির জন্য দায়ী হবে না।
22. ভাড়াটিয়ার ঠিকানার কোন প্রকার পরিবর্তন ভাড়াটিয়ার দ্বারা অবিলম্বে লিখিত আকারে ব্যাঙ্কের নিকট বিজ্ঞাপিত করতে হবে এবং ব্যাঙ্কের দ্বারা, ভাড়াটিয়ার ব্যাঙ্কের নিকট নথিভুক্ত নিবন্ধীকৃত কার্যালয়ে ডাক ব্যবস্থার মাধ্যেমে প্রেরিত যেকোনো যোগাযোগের বিজ্ঞপ্তি, যথাযথভাবে প্রদানকৃত হিসাবে বিবেচিত হবে।
23. এই চুক্তিটি প্রচলিত থাকাকালীন, ব্যাঙ্কের নিয়ন্ত্রণ বহির্ভূত, ঘটনাসমূহ যেমন বৃষ্টি, আগুন, ভূমিকম্প, বজ্রপাত, নাগরিক আন্দোলন, যুদ্ধ, দাঙ্গার কারণেই হোক অথবা অন্য যেকোন কারণ / গুলির জন্য লকারের উপদানগুলির যেকোনো প্রকার ক্ষতি অথবা ক্ষয় অথবা হানির জন্য ব্যাঙ্ক দায়ী অথবা দায়বদ্ধ হবে না এবং ভাড়াটিয়ার দ্বারা, যেকোনো বস্তু লকারের বাইরে ফেলে রেখে যাওয়ার কারণে ধারণকৃত যেকোনো ক্ষতির জন্যও দায়বদ্ধ হবে না।
24. এটি সুস্পষ্টভাবে অনুধাবনকৃত যে ব্যাঙ্ক এবং ভাড়াটিয়ার এবং ব্যাঙ্কের মধ্যে সম্পর্কটি হবে ভাড়া গ্রহণকারী এবং ভাড়ায় প্রদানকারীর এবং একজন ব্যাঙ্কার এবং গ্রাহকের সম্পর্ক নয়।
25. লকারের সকল সম্পত্তিগুলি ব্যাঙ্কের দ্বারা গৃহীত এবং ধারণকৃত হয় এতদমধ্যে ভাড়াটিয়ার থেকে ব্যাঙ্কের প্রাপ্য, প্রদেয় কিন্তু পরিশোধকৃত না হওয়া সকল অর্থের পুনরুদ্ধারের জন্য এই প্রকার সম্পত্তি সম্পূর্ণ অথবা আংশিক বিক্রয়ের ক্ষমতাসহ সকল অর্থসমূহের একটি সাধারণ পরিবর্তের বিষয়বস্তুস্বরূপ।
26. যেখানে ব্যাঙ্ক সেই প্রকার সকল সতর্কতাগুলির অনুশীলন করবে যে প্রকার তারা, তাদের চূড়ান্ত ইচ্ছার অধীনে উপযুক্ত হিসাবে বিবেচনা করবে, লকারে গচ্ছিত রাখা উপাদানগুলির ক্ষেত্রে যে প্রকারেই হোক, ধারণকৃত যেকোনো প্রকার ক্ষতি অথবা হানির জন্য কোনো দায়বদ্ধতা অথবা দায়ীত্ব স্বীকার করে না। তদনুসারে, ভাড়াটিয়ার নিকট তাঁদের নিজেদের স্বার্থে ব্যাঙ্কের লকারে গচ্ছিত রাখা যেকোনো মূল্যবান উপাদানগুলি বিমা করানোর জন্য পরামর্শ প্রদান করা হয়।
27. ভাড়াটিয়া, সেই প্রকার সকল নিয়ম এবং বিধিগুলি, যেগুলি ব্যাঙ্ক সময়ে সময়ে, সুপারিশ করে এবং ভাড়াটিয়ার দ্বারা লকার ভাড়া নেওয়ার জন্য গ্রহণ করে, অনুপালন করার জন্য সম্মত থাকেন।
28. ভাড়াটিয়া দ্বারা এতদমধ্যে উল্লেখিত যেকোনো নিয়ম এবং শর্তাবলী ভঙ্গের কারণজনিত সকল এবং যেকোনো ক্ষতি, হানি, মূল্য, ব্যয়, ক্রিয়া, ব্যবস্থার জন্য, যেগুলি ব্যাঙ্কের দ্বারা বহনকৃত / ধারণকৃত অথবা ব্যাঙ্কের বিরুদ্ধে কৃত / গৃহীত হতে পারে ক্ষতিপূরণ প্রদান করবেন এবং থেকে ব্যাঙ্ককে সকল সময়ে ক্ষতিপূরিত এবং ক্ষতিবিহীন রাখবেন।
29. এতদমধ্যে উদ্ভূত হওয়া সকল বিষয়(গুলি) এবং সমস্যাগুলির জন্য এবং লকার ভাড়া দেওয়ার উদ্দেশ্যে, এতদপ্রতি পক্ষগণ নিজেদের, ভারতের মহারাষ্ট্র রাজ্যের, মুম্বাই-এর আদালতগুলির ঐকান্তিক অধিক্ষেত্রে উপস্থাপিত করেন।
30. ব্যাঙ্ক, তাদের একক ইচ্ছার অধীনে, লকার বিতরণের সময়ে ভাড়াটিয়ার থেকে লকার ভাড়া পরিশোধের জামিনস্বরূপ ফিক্সড ডিপোজিট গ্রহণ করবে। ব্যাঙ্কের নিকট, যুগ্ম ভাড়াটিয়ার দ্বারা লকারের ভাড়া অপরিশোধের ক্ষেত্রে উক্ত ফিক্সড ডিপোজিটের উপর পরিবর্ত সৃষ্টি করার এবং নির্ধারিত রাখার অধিকার বিদ্যমান থাকবে।
31. আমরা প্রত্যয়িত করি যে আমরা এই চুক্তিটির একটি প্রতিলিপি প্রাপ্ত করেছি।

## শুধুমাত্র কার্যালয়ে ব্যবহারের জন্য

| আনুপাতিক ভাড়া আদায়কৃত (টাকা) | প্রাপ্তির তারিখ:<br><br>CPU-তে প্রেরণের তারিখ: | অনুমোদনকারী এবং যাচাইকারী: | SDB নম্বর: | স্বাক্ষর (গুলি) যাচাইকৃত (অদ্যক্ষর) : | লকারের দায়িত্বপ্রাপ্তের নাম, স্বাক্ষর এবং কর্মী কোড : | শাখা প্রবন্ধকের নাম, স্বাক্ষর এবং কর্মী কোড / ব্যাকআপ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |